

বিসমিল্লাহুর রাহমানির রাহিম

অঙ্গীকার নামা

আমি/আমরা নিম্নেউল্লেখিত পক্ষগণ একটি যৌথ মালিকানাধীন বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তাবলীর ভিত্তিতে  
অঙ্গীকারাবদ্ধ হইলাম-

-ঃ শর্তাবলী ঃ-

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, একটি যৌথ মালিকানাধীন বহুতল এ্যাপার্টমেন্ট ভবন নির্মিত হবে, যার সামগ্রিক কর্মকান্ড নেক্সাস কর্তৃক পরিচালিত/সম্পন্ন হইবে। নেক্সাস কর্তৃক নির্ধারিত যাবতীয় নির্মাণ ব্যয় যথাসময়ে পরিশোধ করিতে বাধ্য থাকিব।

আরও ঘোষণা করিতেছি যে, আমি/আমরা যদি কোন অংশীদার নির্ধারিত ব্যয় যথাসময়ে পরিশোধ করতে অপারগ বা ব্যার্থ হই, তবে ভবন নির্মাণ কাজ স্থগিত বা বন্ধ থাকিবে না, নেক্সাস এসেট ডেভেলপমেন্টস লিঃ কর্তৃক উক্ত নির্মাণ কাজ চলমান থাকিবে। সেক্ষেত্রে নির্ধারিত মূল্যের অতিরিক্ত ২০% প্রদান করে সর্বোচ্চ তিন মাসের মধ্যে বকেয়া পরিশোধ করতে হবে।

আরও অঙ্গীকার করিতেছি যে, আমি/আমরা কোন অংশীদার নির্ধারিত ব্যয় যথাসময়ে পরিশোধ করতে অপারগ বা ব্যার্থ হই তবে, তদস্থলে নেক্সাস এসেট ডেভেলপমেন্টস লিঃ কর্তৃক নির্মাণ কাজ চলমান রাখার স্বার্থে অন্য কোন অংশীদার স্থলাভিষিক্ত হইবে এবং ব্যার্থ অংশীদার তার জমির মূল্য, ও নির্মাণ ব্যয় (যদি থাকে) থেকে ১৫% কর্তন পূর্বক ফেরৎ পাইবেন, এ ক্ষেত্রে নির্মাণ ব্যয় পরিশোধে ব্যার্থ অংশীদার ফেরৎ দলিল করিয়া দিতে বাধ্য থাকিবেন।

আরও ঘোষণা করিতেছি যে, ভবন নির্মাণ কাজ শেষে লটারীর মাধ্যমে স্ব স্ব ফ্ল্যাট বন্টিত হবে। সেক্ষেত্রে নিম্ন তলা- উচ্চ তলা খরচ নীতি অনুসরণ করা হইবে। ইহাতে আমার/আমাদের কাহারো কোন আপত্তি থাকিবে না।

উপরোল্লিখিত শর্তাবলী পড়িয়া ইহার মর্ম সম্পূর্ণভাবে অবগত হইয়া সুস্থ্যমস্তিকে, স্ব-জ্ঞানে নিজ নিজ নাম সহি স্বাক্ষর করিলাম।

১ম পক্ষ

২য় পক্ষ/পক্ষগণ

১। নেক্সাস এসেট ডেভেলপমেন্টস লিঃ

২। অংশীদার/অংশীদার গং